

যুক্ত

তারিখ ... ..  
পৃষ্ঠা ১৫ কলাম ৪

NOV. 09 2002

## বাংলাদেশের মাদ্রাসাগুলো মৌলবাদী তৈরির কারখানা

নিউইয়র্কে তসলিমা নাসরিন

এনা, নিউইয়র্ক

দেশান্তরী লেখিকা তসলিমা নাসরিন বলেছেন, বাংলাদেশের মাদ্রাসাগুলো হচ্ছে মৌলবাদী, তৈরির কারখানা। সরকারও এটা জানে কিন্তু তবুও তারা মাদ্রাসাকে পৃষ্ঠপোষকতা করে ভোটের স্বার্থে। তসলিমা নাসরিন আরও বলেছেন, বাংলাদেশে নারী নির্যাতন কমেনি, নারীরা ন্যায়বিচার পায় না।

তসলিমা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

### তসলিমা : মৌলবাদ

তসলিমা নাসরিন ৭ নভেম্বর সন্ধ্যায় নিউইয়র্কে এক সুধী সমাবেশে উপরোক্ত মন্তব্য করেছেন। অনুষ্ঠানটির আয়োজন করেছিল এশিয়া সোসাইটি, সাউথ এশিয়ান জার্নালিস্টস এসোসিয়েশন এবং প্যান আমেরিকান সেন্টার সম্মিলিতভাবে। এ সময় তিনি তার লেখা 'মেয়েবেলা' গ্রন্থ থেকেও অংশবিশেষ পাঠ করেন। উল্লেখ্য, তসলিমা নাসরিন যুক্তরাষ্ট্রে এসেছেন গত সপ্তাহে। তিনি নর্থ ক্যারোলিনা ইউনিভার্সিটিতে একটি সেমিনারে যোগদান শেষে ৭ নভেম্বর বিকালে নিউইয়র্কে আসেন।

এশিয়া সোসাইটি মিলনায়তনের এই সুধী সমাবেশে লেখিকাকে উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের নারীদের অধিকার নিয়ে কর্মরত সংগঠন 'উইমেন্স ওয়ার্ল্ড'-এর প্রেসিডেন্ট মিসেস মেরিডিথ টেক্স। মিসেস টেক্স তসলিমাকে বেশ কয়েকটি প্রশ্নও জিজ্ঞাসা করেন। উপস্থিত সুধীরাও তাকে প্রশ্ন করেন। এর জবাবে তসলিমা নাসরিন বলেন, শুধু বাংলাদেশেই নারীরা ন্যায়বিচার এবং ন্যায় অধিকার থেকে বঞ্চিত হচ্ছে- এ অভিযোগ সত্য নয়, মধ্যপ্রাচ্যের দেশগুলো এবং প্রতিবেশী ভারত-পাকিস্তান সব দেশেই নারীরা নিগৃহীত হচ্ছেন। হিন্দু-মুসলিম-খ্রিস্টান সব ধর্মের নারীরা নিগৃহীত হচ্ছেন। ধর্মের দোহাই দিয়ে মহিলাদের অধিকার থেকে বঞ্চিত রাখা হচ্ছে। তিনি বলেন, ধর্মের কারণেই আমাকে দেশ ত্যাগ করতে হয়েছে। তসলিমা নাসরিন বলেন, আমার বাবা অসুস্থ অথচ আমি তাকে দেখতে যেতে পারছি না।